

# INTERNATIONAL NUTRITION OLYMPIAD 2021

Let The Youth Lead

Strategic  
Partners:



## নাটক প্রতিযোগিতার নির্দেশিকা

কিশোর-কিশোরী এবং তরুণদের দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে পুষ্টি সমৃদ্ধ সমাজ গঠনে সম্মিলিত উদ্দেয়গের বার্ষিক জাতীয় অনুষ্ঠান হলো নিউট্রিশন অলিম্পিয়াড। BIID Foundation বিভিন্ন সরকারী ও বেসরকারী প্রতিষ্ঠানের সহযোগিতায় যৌথ ভাবে ২০১৭ সাল থেকে এই অনুষ্ঠানের আয়োজন করে আসছে। পুষ্টি বিষয়ে জাতীয় এবং আন্তর্জাতিক লক্ষ্য সমূহ অর্জনে তরুণদের নেতৃত্বে নিউট্রিশন অলিম্পিয়াড কার্যকর ভূমিকা পালন করছে।

আগামী ২১ ডিসেম্বর, ২০২১ “আন্তর্জাতিক নিউট্রিশন অলিম্পিয়াড ২০২১” আয়োজন করা হবে। নিউট্রিশন অলিম্পিয়াড আয়োজনকে সমগ্র বিশ্বে ছড়িয়ে দিতে এবং কিশোর-কিশোরী ও তরুণদের অংশগ্রহণকে উৎসাহিত করার জন্য ২০২১ সাল থেকে আন্তর্জাতিক পর্যায়ে নিউট্রিশন অলিম্পিয়াড আয়োজনের উদ্দেয়গ নেওয়া হয়েছে। প্রতিবারের মতো এবারো নিউট্রিশন অলিম্পিয়াডে বিভিন্ন প্রতিযোগিতা ও কার্যক্রম এর আয়োজন করা হয়েছে।

এ বছর আন্তর্জাতিক নিউট্রিশন অলিম্পিয়াড এ নাটক প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য ১০-২৪ বছর বয়সীদের আহবান করা হচ্ছে। নাটক প্রতিযোগিতার নিয়মাবলী নীচে দেয়া হলোঃ

### বয়স ভিত্তিক গ্রুপ:

ক	খ
১০-১৮	১৯-২৪

### বিষয়বস্তু:

ক গ্রুপ: “দৈনন্দিন জীবনে অস্বাস্থ্যকর খাবারের প্রভাব”।

খ গ্রুপ: “খাদ্য উৎপাদনে টেকসই পদ্ধতি অনুসরণ না করার দীর্ঘমেয়াদী প্রভাব”।

### প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য নির্দেশনা:

যোগ্যতাঃ নিউট্রিশন ক্লাব সদস্য, শিক্ষার্থী এবং নির্ধারিত বয়সসীমার সকল কিশোর-কিশোরী, তরুণ-তরুণী যারা আন্তর্জাতিক নিউট্রিশন অলিম্পিয়াড ২০২১ এর ওয়েবসাইট এর মাধ্যমে রেজিস্ট্রেশন করবে তারা সবাই অংশগ্রহণ করতে পারবেন।

রেজিস্ট্রেশন: আন্তর্জাতিক নিউট্রিশন অলিম্পিয়াড ২০২১ ওয়েবসাইট এর মাধ্যমে প্রত্যেক অংশগ্রহণকারীকে রেজিস্ট্রেশন এর সময় প্রতিযোগিতার বিষয় “নাটক প্রতিযোগিতা” নির্বাচন করতে হবে।



ভাষা: বাংলা অথবা ইংরেজি ।

রেজিস্ট্রেশন এর শেষ সময়: ১০/১২/ ২০২১

### নাটক এর কাঠামোঃ

সময়	বিষয়বস্তু
১০ সেকেন্ড	আপনার (নাম, বয়সের গ্রুপ এবং এলাকা) পরিচয় দিন
২০ সেকেন্ড	বিষয়বস্তু সম্পর্কে ছেট একটি ব্যাখ্যা
৩ মিনিট	নাটক উপস্থাপন

### ক্ষেত্রিক:

ক্রমিক নং	বিষয়বস্তু	নম্বর
১.	মূল বিষয় উপস্থাপন	৩০
২.	পোশাক	১৫
৩.	ভাষার স্পষ্টতা	২০
৪.	অভিনয়	২৫
৫.	নিয়মাবলী অনুসরণ	১০

### প্রাথমিক বাছাই:

১১/১২/২০২১ তারিখে BIID Foundation এর পক্ষ থেকে একটি ZOOM লিংক দেওয়া হবে, যেখানে ১৩/১২/২০২১ তারিখে সরাসরি প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে হবে।

### চূড়ান্ত বাছাই:

প্রতিটি বয়স গ্রুপের বাছাইকৃত তিনটি দল অলিম্পিয়াডের দিন সরাসরি অনলাইনে (Zoom) নাটক প্রতিযোগিতায় অংশগ্রহণ করবেন। চূড়ান্ত বাছাইয়ের নাটক প্রতিযোগিতার বিষয় ১৬/১২/২০২১ তারিখে ই-মেইলের মাধ্যমে জানিয়ে দেয়া হবে।

### যোগাযোগ:

নাটক নিয়ে যেকোন প্রশ্ন থাকলে যোগাযোগ করুন, মারফা মিথিল এর সাথে +৮৮০১৭৫৭৫৭১৭৪৬ নাম্বারে অথবা ই-মেইল করুন: [bristywork123@gmail.com](mailto:bristywork123@gmail.com), অথবা ই-মেইল: [ino@biid.org.bd](mailto:ino@biid.org.bd), ফোন: +৮৮০১৭৮২৫১০০৮৯।

### বিশেষ দ্রষ্টব্য:

- যেকোনো প্রকারের অসদুপায় অবলম্বনের চেষ্টা করলে অযোগ্য ঘোষনা করা হবে।
- বিচারকদের সিদ্ধান্ত চূড়ান্ত হিসেবে বিবেচিত হবে।

### অন্যান্য:

- ২টি গ্রুপ থেকে সর্বোচ্চ ক্ষেত্রধারীকে আন্তর্জাতিক নিউট্রিশন অলিম্পিয়াড ২০২১ এর সমাপনী অনুষ্ঠানে বিজয়ী ঘোষণা করা হবে।
- নির্বাচিত নাটক সমূহ আন্তর্জাতিক নিউট্রিশন অলিম্পিয়াড এর ওয়েব সাইটে আপলোড করা হবে।

একজন অংশগ্রহণকারী/একটি দল সর্বোচ্চ তিনটি প্রতিযোগিতার জন্য আবেদন করতে পারবে।

